Privacy Office
4000 Nexus Drive, Avenue North – Suite NW3-100,
Wilmington, DE 19803
টেলিফোন নং.: 302-623-4468, ফ্যাক্স নং.: 302-428-2475

কার্যকর হওয়ার তারিখ: 23 শে সেপ্টেম্বর, 2013
সর্বশেষ সংশোধিত তারিখ: 27 সেপ্টেম্বর, 2021

HIPAA গোপনীয়তা নীতির বিজ্ঞপ্তি (Notice of Privacy Practices, NPP): অনুগ্রহ করে এটি মনোযোগ সহকারে পর্যালোচনা করুন!

এই NPP বা বিজ্ঞপ্তির সংক্ষিপ্তসার হল আপনার তথ্য, অধিকার এবং আমাদের দায়িত্ব সম্পর্কে। এটি বিবৃত করে, কীভাবে আপনার তথ্য ChristianaCare-এর দ্বারা ব্যবহৃত ও প্রকাশিত হতে পারে, এবং কীভাবে আপনি এটি এক্সেস করতে পারেন। ChristianaCare আমাদের রোগীদের গোপনীয়তাকে গুরুত্ব প্রদান করে। আমরা জানি যে আপনার চিকিৎসাভিত্তিক তথ্য অতিশয় ব্যক্তিগত। আমরা আপনার চিকিৎসাভিত্তিক তথ্যগুলির গোপনীয়তা রক্ষা করার জন্য আমাদের সর্বোচ্চ চেষ্টা করে থাকি। আমরা শুধুমাত্র অভিপ্রেত উদ্দেশ্যে এবং আইনীভাবে দরকারী হিসাবেই নিম্নতম প্রয়োজনীয় তথ্য ব্যবহার এবং প্রকাশ করবো। আপনি আমাদের বিস্তৃত NPP-র একটি অনুলিপির জন্য অনুরোধ করতে পারেন অথবা আমাদের ওয়েবসাইট www.christianacare.org/privacy এ অ্যাক্সেস করতে পারেন।

আমাদের দায়িত্বগুলি	আপনার সেবার উদ্দেশ্যে, আমরা আপনার স্বাস্থ্য সম্পর্কে ব্যক্তিগত তথ্যগুলি তৈরি করি এবং গ্রহণ করি। এই তথ্যগুলি, সুরক্ষিত স্বাস্থ্য তথ্য (Protected Health Information, PHI) নামে পরিচিতি, এবং এগুলি প্রাপ্ত হয় আপনার থেকে, আপনার চিকিৎসকের থেকে, হাসপাতাল থেকে এবং আপনার চিকিৎসার সঙ্গে জড়িত অন্যান্য স্বাস্থ্যসেবা পরিষেবা প্রদানকারীদের থেকে। ChristianaCare স্বাস্থ্য এবং কল্যাণ Benefits Plan (সুবিধা পরিকল্পনা) (ChristianaCare Health & Welfare Benefits Plan) এর সদস্যদের জন্য, PHI পাওয়া যেতে পারে প্রযোজ্যতা অনুসারে, আপনার নিয়োগকর্তা, অন্যান্য বিমাকারী, স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ সংস্থা (Maintenance Organizations, HMO) অথবা তৃতীয়-পক্ষ প্রশাসকদের (third-party administrators, TPA) থেকে। আপনার PHI হতে পারে মৌখিক, লিখিত, অথবা বৈদ্যুতিন আকারে। আমরা আইনীভাবে প্রয়োজনীয় নিম্নলিখিতগুলি করার জন্য বাধ্য: • আপনার PHI এর গোপনীয়তা এবং সুরক্ষা বজায় রাখতে। • PHI এর গোপনীয়তা এবং সুরক্ষা বজায় রাখার উদ্দেশ্যে, সেই সকল তৃতীয় পক্ষগুলির সঙ্গে একটি ব্যবসায়িক সহযোগী চুক্তিতে আবদ্ধ হতে, যাঁরা আপনার চিকিৎসা, অর্থ প্রদান, এবং আমাদের স্বাস্থ্য পরিচর্যার প্রক্রিয়াগুলির সঙ্গে যেগুলির জন্য ব্যবসায়িক সহযোগীর প্রয়োজন হয়। • তাৎক্ষণিকভাবে আপনাকে জানাতে যদি আমরা আপনার PHI এর অনুপযুক্ত ব্যবহার বুঝতে পারি যেটি আপনার তথ্যের গোপনীয়তা অথবা সুরক্ষার সঙ্গে আপস করছে। • এই বিজ্ঞপ্তিতে বিবৃত হিসাবে আপনার তথ্যগুলি ব্যবহার করতে এবং প্রকাশ করতে যদি না আপনি লিখিতভাবে আমাদের বলেন, আমরা তা করতে পারবো না। যদি আপনি কোনো সময়ে আপনার মন পরিবর্তন করেন, তাহলে আপনাকে আবশ্যিকভাবে আমাদের লিখিত আকারে জানাতে হবে। • এই বিজ্ঞপ্তিতে বিবৃত দায়িত্ব এবং গোপনীয়তার নীতিগুলি অনুসরণ করতে এবং আপনাকে একটি অনুলিপি প্রদান করতে।
এই বিজ্ঞপ্তিটি কারা অনুসরণ করবেন?	• ChristianaCare এর সকল প্রতিষ্ঠান, সুবিধা-কেন্দ্র, এবং চিকিৎসা-ব্যবস্থাগুলি • যেকোনো চিকিৎসক, স্বাস্থ্য পরিচর্যা পেশাদার, অথবা আপনার দেখাশোনা করা অন্যান্য ব্যক্তিরা • ChristianaCare এর জন্য কাজ করা সকল ব্যক্তিরা • ChristianaCare এর সকল স্বেচ্ছাসেবীরা • স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের প্রয়োজনীয়সহ যেকোনো ব্যবসায়িক সহযোগী, যাতে তাঁরা ChristianaCare এর জন্য পরিষেবাগুলি প্রদান করতে পারেন
আপনার তথ্য	
আমরা আপনার সম্পর্কে নিম্নলিখিত তথ্যগুলি সংরক্ষিত করতে পারি:	আমরা যে তথ্যগুলি সংরক্ষিত করতে পারি, সেগুলির মধ্যে অন্তর্ভুক্ত হয়, কিন্তু সেগুলির দ্বারা সীমাবদ্ধ হয় না: • নিদানিক পরিসংখ্যান: রোগ-নির্ণয়/অবস্থা, ল্যাবরেটরির ফলাফলগুলি, ওষুধপত্রের ব্যবস্থা, অন্যান্য চিকিৎসা সংক্রান্ত তথ্য • নৃতাত্ত্বিক পরিসংখ্যান: ঠিকানা/জিপ কোড, জন্ম তারিখ, ড্রাইভার্স লাইসেন্স, নাম, সোশাল সিকিউরিটি নম্বর, অন্যান্য পরিচায়কগুলি • আর্থিক পরিসংখ্যান: দাবিভিত্তিক তথ্য, ক্রেডিট কার্ড/ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, অন্যান্য আর্থিক তথ্য, নাম এবং ড্রাইভার্স লাইসেন্স সংক্রান্ত তথ্য
আমাদের ব্যবহার এবং প্রকাশগুলি	

আমরা নিম্নলিখিত উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি:	এই বিভাগটি বিবৃত করে কীভাবে আমরা আপনার সম্পর্কিত চিকিৎসাভিত্তিক তথ্যগুলি ব্যবহার করতে এবং প্রকাশ করতে পারি। যদিও এই তালিকাটিতে সকল সম্ভাবনাগুলি থাকে না, আমরা আপনার অনুমতি ব্যতীত আপনার তথ্যগুলি ব্যবহার এবং প্রকাশ করার জন্য অনুমোদিত এমন সকল পন্থাগুলির মধ্যে সবগুলিই এই বিভাগটিতে তালিকাভুক্ত শ্রেণীগুলির মধ্যে একটি পড়বে। আমরা, নিম্নলিখিত পরিস্থিতিগুলি অন্তর্ভুক্ত করে কিন্তু সেগুলির মধ্যে সীমাবদ্ধ না থেকে, আপনার তথ্যগুলি ব্যবহার এবং প্রকাশ করতে পারি: • আপনার পাওয়া স্বাস্থ্য প্রযত্নভিত্তিক চিকিৎসা নিয়ন্ত্রণের ক্ষেত্রে সাহায্য করা • বিভিন্ন স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীদের মধ্যে আপনার চিকিৎসার সমন্বয় ঘটানো • ভর্তির সময়ে একটি গৃহভিত্তিক স্বাস্থ্য মূল্যায়ন সম্পন্ন করার জন্য প্রমিত মূল্যায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা • আপনার স্বাস্থ্য পরিষেবাগুলির জন্য বিল করা এবং আমাদের স্বাস্থ্য পরিচর্যার ক্রিয়াগুলি পরিচালনা করা • গবেষণা পরিচালনা করা • আইন মেনে চলা অথবা জনস্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলির ক্ষেত্রে সাহায্য করা • অঙ্গ এবং তন্তু দানের অনুরোধ, মেডিকেল পরীক্ষক এবং অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকদের প্রতিক্রিয়া জানানো • কর্মীদের ক্ষতিপূরণ, আইন বলবতকরণ, এবং অন্যান্য সরকারি অনুরোধগুলির মোকাবিলা করা • মামলা মোকাদ্দমা এবং আইনি প্রক্রিয়ার মোকাবিলা করা • সুবিধা পরিকল্পনা সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে আপনার স্বাস্থ্য পরিকল্পনা পরিচালনা করা • সুবিধা পরিকল্পনা সদস্যদের জন্য পরিষেবা এবং কার্যক্রমগুলির সংস্থান করা • বিপণন এবং ফান্ড সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা
আপনার বিকল্প	
নিম্নলিখিত উদ্দেশগুলিতে আমাদের দ্বারা আপনার তথ্যগুলির ব্যবহার এবং শেয়ার করার পন্থার ক্ষেত্রে আপনার কয়েকটি বিকল্প আছে:	আপনি, নিম্নলিখিত পরিস্থিতিগুলিকে অন্তর্ভুক্ত করে, কিন্তু সেগুলিতে সীমাবদ্ধ না থেকে, কীভাবে আমরা আপনার তথ্যগুলি ব্যবহার এবং প্রকাশ করতে পারি সেটি আপনি নির্বাচন করতে পারেন: • আপনার পরিবার এবং বন্ধুদের থেকে পাওয়া চিকিৎসা-সম্পর্কিত প্রশ্নগুলির উত্তর দেওয়া • দুর্যোগভিত্তিক ত্রাণের সময়ে • মোবাইল এবং ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে আপনার সঙ্গে যোগাযোগ করা • আমাদের পরিষেবা এবং পণ্যগুলির বিপণনের সময়ে
আপনার অধিকারগুলি	
আপনার অধিকারগুলির মধ্যে অন্তর্ভুক্ত হয়:	যখন আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের বিষয় উপস্থাপিত হয়, তখন আপনার নির্দিষ্ট কিছু অধিকার রয়েছে। এই বিভাগটি, আপনাকে সাহায্যে করার উদ্দেশ্যে, আপনার অধিকারগুলি এবং আমাদের দায়িত্বগুলির বিবরণ দেয়। আপনার অধিকারগুলির মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত হয়, কিন্তু সেগুলির মধ্যে সীমিত থাকে না: • আপনার স্বাস্থ্য এবং দাবি সংক্রান্ত রেকর্ডগুলির একটি কপি পাওয়ার • আপনার স্বাস্থ্য এবং দাবি সংক্রান্ত রেকর্ডগুলিতে সংশোধনের জন্য অনুরোধ করার • আমরা কাদের সঙ্গে আপনার তথ্যগুলি শেয়ার করেছি, তাঁদের একটি তালিকা পাওয়ার • আমাদের দ্বারা শেয়ার করা তথ্যগুলি সীমিত করার জন্য অনুরোধ করার • গোপন যোগাযোগের জন্য অনুরোধ করার • এই গোপনীয়তা বিজ্ঞপ্তির একটি অনুলিপির জন্য অনুরোধ করার • যদি আপনি মনে করেন যে আপনার গোপনীয়তা সংক্রান্ত অধিকারগুলি ভঙ্গ করা হয়েছে, তাহলে একটি অভিযোগ দায়ের করার • আপনার হয়ে ক্রিয়া করার জন্য কোন একজনকে নির্বাচন করার

বিশেষ পরিস্থিতিগুলি
আমরা, আপনার অনুমোদন ছাড়াই অন্য পন্থায় আপনার তথ্যগুলি শেয়ার করার জন্য অনুমোদিত অথবা বাধ্য। নিম্নলিখিত ব্যবহার এবং প্রকাশগুলি বিশেষ পরিস্থিতি হিসাবে বিবেচিত: গবেষণার উদ্দেশ্যে; আইন প্রয়োগের উদ্দেশ্যে; জনস্বাস্থ্য বা সুরক্ষার জন্য মারাত্মক ঝুকি এড়াতে সহায়তা করতে; জনস্বাস্থ্য কর্তৃপক্ষদের প্রতিক্রিয়া জানাতে; গৃহ স্বাস্থ্য মূল্যায়নের জন্য; অঙ্গ এবং টিস্যু দান অনুরোধের প্রতি সাড়া দিতে; আশুমৃত-পরীক্ষক, চিকিৎসা পরীক্ষক এবং অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকদের প্রতি; সামরিক বাহিনীর প্রতি; শ্রমিকদের ক্ষতিপূরণের জন্য; স্বাস্থ্য পর্যবেক্ষণ কার্যক্রমের জন্য; মামলা ও বিরোধের জন্য; সংশোধনমূলক প্রতিষ্ঠানে; জাতীয় সুরক্ষা এবং গোয়েন্দা কার্যক্রমের জন্য; এবং ব্যবহার ও প্রকাশের উপর অতিরিক্ত বিধিনিষেধের ক্ষেত্রে। আরও তথ্যের জন্য, দেখুন: www.hhs.gov/ocr/privacy/hipaa/understanding/consumers/index.html.
স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের আদান-প্রদান (Health Information Exchange)
ChristianaCare বিভিন্ন স্বাস্থ্য তথ্য বিনিময় (Health Information Exchanges, HIE) এবং স্বাস্থ্য তথ্য নেটওয়ার্ক (Health Information Networks, HIN) এ অংশগ্রহণ করে থাকে। HIE এবং HIN চিকিৎসা, অর্থ প্রদান এবং স্বাস্থ্যসেবা পরিচালনার জন্য তাদের সদস্যদের মধ্যে তথ্য শেয়ার করাকে সমন্বয় সাধন করে। এইসমস্ত বিনিময়ের মাধ্যমে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের সময়মতো আপনার গুরত্বপূর্ণ স্বাস্থ্য তথ্যের ডেলিভারিকে নিশ্চিত করার জন্য ChristianaCare আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য আপনার অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে শেয়ার করতে পারে। আমরা নিম্নলিখিত HIE গুলিতে অংশগ্রহণ করি: ডেলাওয়্যার স্বাস্থ্য তথ্য নেটওয়ার্ক (Delaware Health Information Network, DHIN); আমাদের রোগীদের জন্য চেসাপিক আঞ্চলিক তথ্য ব্যবস্থা (Chesapeake Regional Information System for our Patients, CRISP); Healthshare Exchange of Southeastern Pennsylvania Inc. (হেলথকেয়ার এক্সচেঞ্জ অব সাউদার্ন পেনসিলভেনিয়া ইনকর্পোরেটেড) (HSX); এবং কমনওয়েল হেলথ অ্যালায়েন্স (CommonWell Health Alliance, CommonWell) রোগীরা HIE এর ওয়েবসাইটে একটি বৈদ্যুতিন HIE বেছে নিতে পারে।

এই বিজ্ঞপ্তিটিতে পরিবর্তনগুলি। আমাদের এই বিজ্ঞপ্তিটিতে পরিবর্তন করার অধিকার আছে। বিজ্ঞপ্তিটির সকল পরিবর্তনগুলি, ইতিমধ্যেই আমাদের নিকট থাকা আপনার সম্পর্কিত সকল তথ্যগুলি ছাড়াও ভবিষ্যতে আমাদের দ্বারা প্রাপ্ত যেকোনো তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে। আমরা বর্তমান বিজ্ঞপ্তিটির একটি কপি হাসপাতালের এবং আমাদের ওয়েবসাইট: www.christianacare.org/privacy. এ পোস্ট করবো। বর্তমান বিজ্ঞপ্তিটির কার্যকর হওয়ার তারিখটি বিজ্ঞপ্তির উপরে পোস্ট করা হবে। যদি আমরা এই বিজ্ঞপ্তিতে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটাই, তাহলে আমরা আপনাকে আপনার পরবর্তী সাক্ষাৎকারের সময়ে একটি আপডেট করা বিজ্ঞপ্তি প্রদান করবো।

কীভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে। এই বিজ্ঞপ্তির বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে অথবা যদি আপনার গোপনীয়তা আধিকারিককে কিছু অনুরোধ করার থাকে, তবে অনুগ্রহ করে আমাদের সাথে ChristianaCare c/o Privacy Officer, 4000 Nexus Drive, Avenue North, Suite NW3-100, Wilmington, DE 19803, এই ঠিকানায় অথবা 1-302-623-4468 নম্বরে যোগাযোগ করুন অথবা privacyoffice@ChristianaCare.org এ আমাদের ইমেল করুন। অনুরোধ করলে আমাদের গোপনীয়তা নীতির একটি বিস্তৃত বিজ্ঞপ্তি উপলব্ধ করানো হবে।